

## কৃষকের (Farmers Account) ১০/ টাকার ব্যাংক হিসাব খোলা প্রসংগে ।

কৃষকদের ব্যাংকের দৈনন্দিন কর্মকাণ্ডের আওতায় নিয়ে আসার জন্য বর্তমান সরকারের এই প্রচেষ্টাকে চলমান প্রক্রিয়া হিসাবে গন্য করতে হবে । সমগ্র অর্থনৈতিক কর্মপ্রবাহের সাথে দেশের সকল জনগোষ্ঠীকে একীভূত করে সামগ্রিক ভাবে Financial Inclusion এ নিয়ে আসতে কৃষকের ১০/ টাকার ব্যাংক হিসাব খোলার উদ্দেশ্যবলী নিম্নরূপ :-

- ক) উক্ত হিসাবকে সঞ্চয়ী হিসাবের যাবতীয় প্রক্রিয়ার মধ্যে আনয়ন করতে হবে ।
  - খ) বিদেশে কর্মরত কৃষকদের সন্তান/আত্মীয় স্বজনেরা যেন উক্ত হিসাবে রেমিট্যান্স জমা করে সে ব্যাপারে কৃষকদের উদ্বুদ্ধ করতে হবে । এই লক্ষ্যে প্রয়োজনীয় উদ্বুদ্ধকরণ ও প্রচারণা চালাতে হবে ।
  - গ) প্রচলিত নিয়মানুযায়ী চেক বই/জমা বই ইত্যাদি চাহিদা মোতাবেক তাদেরকে সরবরাহ করতে হবে ।
  - ঘ) সঞ্চয়ী হিসাব খোলার মাধ্যমে কৃষকগণ যে সকল সুবিধা পাবে তা উল্লেখ পূর্বক হিসাব খোলার জন্য তাকে ধন্যবাদ পত্র দিতে হবে ।
- ঙ) ১০/(দশ) টাকা জমা গ্রহণের মাধ্যমে কৃষকদের খোলা ব্যাংক হিসাবে জমাকৃত অনধিক ১,০০,০০০/(এক লক্ষ) টাকা স্থিতির উপর প্রযোজ্য আবগারী শুল্ক হতে সরকার অব্যাহতি প্রদান করেছেন । এ ছাড়া অত্র ডিভিশনের পত্র নং পঞ্চবি/হিসাব/৫৭৩/১০ তারিখ ০২-০৬-১০ এর নির্দেশনানুযায়ী উল্লেখ আছে যে, কৃষকদের সঞ্চয়ী হিসাবে সার্ভিস চার্জ কর্তব্যযোগ্য হবে না ।
- চ) অগ্রণী ব্যাংক লিমিটেড এর সংশ্লিষ্ট শাখাসমূহের মাধ্যমে অদ্যাবধি(৩১/০১/২০১৫ ইং পর্যন্ত) ১৪,৭৯,২২৮ জন কৃষকের অনুকূলে ১০/ টাকার ব্যাংক হিসাব খোলা হয়েছে ।